

## প্রযুক্তিবিদদের প্রতি শিক্ষামন্ত্রী কারিগরি ও প্রযুক্তিগত সমস্যা সমাধানে কাজ করার আহ্বান

নিজস্ব বার্তা পরিবেশক

প্রাত্যহিক জীবনের বিভিন্ন কারিগরি ও প্রযুক্তিগত সমস্যা সমাধানে উদ্ভাবনমূলক প্রকল্প নিয়ে এগিয়ে আসার জন্য দেশের প্রযুক্তিবিদদের প্রতি আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ।

তিনি গতকাল রাজধানীতে 'ক্লিস কম্পিউশন ২০১৫' এর চূড়ান্ত প্রতিযোগিতার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এ আহ্বান জানান। এর আগে কারিগরি শিক্ষায় শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে গতকাল সকালে শাহবাগ থেকে শিক্ষামন্ত্রীর নেতৃত্বে এক বর্ণাঢ্য র্যালি বের করা হয়।

দেশের সরকারি-বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউটসমূহের শিক্ষার্থীদের সেরা ৫০টি উদ্ভাবনমূলক প্রযুক্তি প্রদর্শনীর উদ্বোধন উপলক্ষে কাকরাইলে ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স, বাংলাদেশ (আইডিইবি) ভবনে আয়োজিত অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন শিক্ষা সচিব সোহরাব হোসাইন, কারিগরি শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক অশোক কুমার বিশ্বাস এবং ক্লিস অ্যান্ড ট্রেনিং এনহ্যান্সমেন্ট প্রজেক্ট (স্টেপ)-এর প্রকল্প পরিচালক মো. এমরান।

শিক্ষামন্ত্রী আরও বলেন, 'অতিরিক্ত জনসংখ্যার কারণে আমাদের সমস্যা উন্নত দেশসমূহের চেয়ে আলাদা। এছাড়া তথ্যপ্রযুক্তির দ্রুত প্রসারের ফলে নতুন নতুন সমস্যা দেখা দিচ্ছে। এসব সমস্যার সমাধানে দেশীয় প্রযুক্তিবিদদের উদ্যোগী হতে হবে।'

প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে শিক্ষা ক্ষেত্রে যুগান্তকারী অগ্রগতি সাধিত হয়েছে- মন্তব্য করে মন্ত্রী বলেন, 'এর মধ্যে কারিগরি শিক্ষায় আরও বেশি যুগান্তকারী বৈপ্লবিক অগ্রগতি সাধিত হয়েছে।'

কারিগরি শিক্ষাকে দেশের উন্নতির মূল চাবিকাঠি হিসেবে উল্লেখ করে নুরুল ইসলাম নাহিদ বলেন, 'অতীতে স্বাধীনতাবিরোধী সরকার কখনো চায়নি দেশ স্বনির্ভর হোক। তাই তারা কারিগরি শিক্ষাকে অবহেলা করেছে। জাতির পিতাকে হত্যার মাধ্যমে এ স্বাধীনতাবিরোধী শক্তি দেশের ইতিহাসকে পেছনের দিকে ঘুরিয়ে দিতে যড়যন্ত্র করেছিল। তারাই আজ! মহান মুক্তিযুদ্ধের শহীদদের নিয়ে বিভ্রান্তি ছড়াচ্ছে। স্বাধীনতাবিরোধী এ অপশক্তিকে প্রতিহত করার জন্য সকলের প্রতি আহ্বান জানান তিনি। এর আগে মন্ত্রী প্রযুক্তি-প্রদর্শনীর বিভিন্ন স্টল ঘুরে দেখেন।'